গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
২১/এ, ক্ষিতিশ রায় রোড, কাঁচিঝুলি (জেল রোড), ময়মনসিংহ।
ই-মেইলঃ dncmymensinghdivision@gmail.com
ওয়েব সাইটঃ www.dnc.mymensinghdiv.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগের পরিদর্শক হতে তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে সেপ্টেম্বর, ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ জাফরুল্ল্যাহ কাজল, অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
সভার স্থান : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ এর সম্মেলন কক্ষ।
তারিখ : ০৯ সেপ্টেম্বর, ২০২৪; সকালঃ ১১:০০ ঘটিকা।
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সমন্বয় সভার গুরুত্ব তুলে ধরে বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, যে কোন সভা যথাসময়ে শুরু করতে হবে। সভায় অংশগ্রহণকারীগণকে সভা আরম্ভের ১৫ মিনিট পূর্বে উপস্থিত থাকতে হবে। বাহিনী হিসেবে সকলকে আচার-আচরণ সঠিকভাবে করতে হবে। কোন ধরণের বেয়াদবি করা হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি আরো বলেন, ভয়-ভীতির উর্দ্ধে থেকে দায়িত্ব পালন করতে হবে। দায়িত্ব পালনে সকল ধরণের প্রোটেকশন দেওয়া হবে। জনবল ঘাটতি রয়েছে এ ধরণের অযুহাত তুলে কাজ কম হয়েছে বা কাজ করা যাচ্ছে না তা কোন অবস্থাতেই গ্রহণ করা হবে না। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর কার্যক্রম হচ্ছে গোয়েন্দা ভিত্তিক। সঠিকভাবে গোয়েন্দা কার্যক্রম করা গেলে অনেক শীর্ষ মাদক ব্যবসায়ীদের আইনের আওতায় নিয়ে আসা সম্ভব হবে। মামলা সংক্রান্ত বিষয়ে তিনি সভাকে জানান যে, আমাদের মামলাসমূহে আসামি গ্রেপ্তারের সাথে সাথে আলামত জব্দ হয়। মামলা প্রমাণের জন্য সাক্ষী ও জব্দ তালিকা যথেষ্ট গুরুত্বপূর্ণ। আলামতসহ আসামীর বিরুদ্ধে মামলা হলেও আদালতে আসামি খালাস হয় তা বোধগম্য নয়। মামলা প্রমাণের জন্য পাবলিক সাক্ষীকে আদালতে উপস্থাপনের পূর্বে সাক্ষীকে ভালভাবে মামলার সার-সংক্ষেপ বলা প্রয়োজন। তিনি আরো বলেন যে, আমাদের কোন কর্মচারী যাতে মাদকের সাথে জড়িত না হয় এ বিষয়ে সতর্ক থাকতে হবে। এ ধরণের কোন অভিযোগ পাওয়া গেলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। কাউকে কোন ছাড় দেওয়া হবে না। সরকার মাদক ও মাদক ব্যবসায়ীদের ধরার জন্য সোর্স মানি দিচ্ছে। উক্ত সোর্স মানির যথাযথ ব্যবহার করতে হবে। সোর্স মানি ব্যবহার করে মাদকের মূল হোতাদের আইনের আওতায় নিয়ে আসতে হবে। আইন, বিধি-বিধান অনুযায়ী সকলকে কাজ করতে হবে। নিরীহ লোক যাতে হয়রানি শিকার না হয় এ বিষয়ে সকলের দৃষ্টি রাখতে হবে।

সভাপতির অনুমতিক্রমে টেবুলেটর, জনাব মোঃ ফজলুল হক **জুলাই, ২০২৪** মাসের সমন্বয় সভার কার্যবিবরণীর উপর আলোকপাত করেন। কোন সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকায় সর্বসম্মতক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

০২। অতঃপর বিগত সভার আলোচ্যসূচী অনুযায়ী সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যালোচনা করা হয় এবং নিম্নবর্ণিতভাবে বিষয়সমূহ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>০১</td><td>মাদক মামলা/ অভিযান</td><td>(ক) ন্যূনতম পারফরম্যান্স বিবেচনায় নিয়মিত মামলা দায়েরের প্রমাপ অর্জন নিশ্চিতকরণ।</td><td>(ক) আইনগত প্রক্রিয়া অনুসরণ করে মামলা দায়েরের প্রমাপ অর্জনের মাধ্যমে ন্যূনতম পারফরম্যান্স অর্জন করতে হবে। নিম্নবর্ণিত ছকে জেলাভিত্তিক সেপ্টেম্বর, ২০২৪ মাসের মামলার পরিসংখ্যান উল্লেখ করতে হবে:
<table>
<tr><th rowspan="2">জেলার নাম</th><th rowspan="2">মাসিক মামলার প্রমাপ</th><th colspan="2">দায়েরকৃত মামলার সংখ্যা</th><th rowspan="2">প্রমাপ অর্জিত হয়নি জেলার নাম</th><th rowspan="2">মন্তব্য</th></tr>
<tr><th>নিয়মিত</th><th>মোবাইল কোর্ট</th></tr>
<tr><td>ময়মনসিংহ</td><td>২০</td><td></td><td></td><td></td><td></td></tr>
</table></td><td>উপপরিচালক/ সহকারী পরিচালক ময়মনসিংহ/ নেত্রকোণা/ জামালপুর/ শেরপুর।</td></tr>
</table>

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
			নেত্রকোণা ২০ জামালপুর ১৫ শেরপুর ১৩ **মোটঃ ৬৮**	
		(খ) বিচারাধীন মামলা নিষ্পত্তির রেকর্ড হালনাগাদকরন।	(খ) মামলা নিষ্পত্তির রেকর্ড হালনাগাদ রাখতে হবে। নিম্নবর্ণিত ছকে এ সংক্রান্ত **সেপ্টেম্বর, ২০২৪** মাসের জেলাভিত্তিক পরিসংখ্যান উল্লেখ করতে হবেঃ জেলার নাম | আদালতে মোট পেন্ডিংমামলা | ফৌ.কা.বি. এর ১৭৩ অনুযায়ী আদালতে তদন্ত প্রতিবেদন দাখিল | নিষ্পত্তিকৃত মামলা	উপপরিচালক/ সহকারী পরিচালক ময়মনসিংহ/ নেত্রকোণা/ জামালপুর/ শেরপুর।
		(গ) প্রসিকিউটর/ সহকারী প্রসিকিউটরগনদের সাক্ষীর ফরোওয়ার্ড ডায়েরীসহ রেজিস্টার সংরক্ষণ। বিজ্ঞ আদালতে মামলার স্বাক্ষীগণের উপস্থিতি নিশ্চিতকরণ।	(গ) প্রসিকিউটর/ সহকারী প্রসিকিউটরগনদের সাক্ষীর ফরোওয়ার্ড ডায়েরীসহ রেজিস্টার সংরক্ষণ করবেন। বিজ্ঞ আদালতে মামলার স্বাক্ষীগণের উপস্থিতি নিশ্চিত করার জন্য হোয়াটসআপ, ম্যাসেঞ্জার, ইমেইল, ফোন ও ডাকে সাক্ষীগণের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। যারা সাক্ষী দেয় না তার নাম, পদবী উল্লেখ করে অতিরিক্ত পরিচালককে জানাতে হবে। জেলার নাম | কর্মস্থলে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত প্রাপ্ত সমনের সংখ্যা | মোট সাক্ষ্য প্রদান (সংখ্যা): ১ লা সেপ্টেম্বর হতে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত মোট সাক্ষ্য প্রদানের ধার্য্য তারিখের সমন সংখ্যা | আগস্ট, ২৪ (সংখ্যা) | সেপ্টেম্বর, ২৪ (সংখ্যা) | বর্তমান কর্মস্থলে সাক্ষ্য প্রদান সংখ্যা (সেপ্টেম্বর, ২৪) | সাক্ষ্য প্রদানের হার (%)	উপপরিচালক/সহকারী পরিচালক/ সহকারী প্রসিকিউটর, জেলা কার্যালয়, ময়মনসিংহ/জামালপুর/ নেত্রকোণা/ শেরপুর।
		(ঘ) বছর ভিত্তিক পেন্ডিং মামলার তালিকা হালনাগাদকরণ।	(ঘ) বছর ভিত্তিক পেন্ডিং মামলার হালনাগাদ তালিকা আগামী ১০ **অক্টোবর, ২০২৪** তারিখের মধ্যে নিম্নোক্ত 'ছক' মোতাবেক বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ-এ প্রেরণ নিশ্চিত করতে হবে। জেলার নাম | সাল | দায়রা জজ আদালতে বিচারাধীন মামলার সংখ্যা | জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে বিচারাধীন মামলার সংখ্যা	উপপরিচালক/সহকারী পরিচালক/ সহকারী প্রসিকিউটর, জেলা কার্যালয়, ময়মনসিংহ/জামালপুর/ নেত্রকোণা/ শেরপুর।
		(ঙ) ১০ টি পুরোনো এবং	(ঙ) আদালতে বিচারাধীন নতুন ১০টি উল্লেখযোগ্য মামলার তথ্য	উপপরিচালক/সহকারী পরিচালক/ সহকারী

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td></td><td></td><td>উল্লেখযোগ্য মামলার তথ্য বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ-এ প্রেরণ নিশ্চিতকরণ।</td><td>বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহে প্রেরণ করার জন্য ১০ অক্টোবর, ২০২৪ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ-এ প্রেরণ নিশ্চিত করতে হবে।</td><td>প্রসিকিউটর, জেলা কার্যালয়, ময়মনসিংহ/জামালপুর/ নেত্রকোণা/ শেরপুর।</td></tr>
<tr><td></td><td></td><td>(চ) ময়মনসিংহ বিভাগের সকল জেলাসমূহের আশ্রয়ন প্রকল্পে নিয়মিত পরিদর্শন সংক্রান্ত।</td><td>(চ) বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ মহোদয়ের নির্দেশ মোতাবেক ময়মনসিংহ বিভাগের সকল জেলাসমূহের আশ্রয়ন প্রকল্পে (ক) নিয়মিত মাদকবিরোধী প্রচারণা অব্যাহত রাখতে হবে এবং (খ) কোনোভাবেই যেন মাদক প্রবেশ করতে না পারে সেদিকে কড়া নজরদারি রাখতে হবে। এ বিষয়ে পরিদর্শক হতে তদূর্ধ্ব কর্মকর্তাগণ নিয়মিত পরিদর্শন/মনিটরিং করবেন। পরিদর্শন প্রতিবেদন, ক্যাপশনসহ ছবির প্রমাণক প্রতি মাসের ৫ তারিখের মধ্যে নিম্নবর্ণিত ‘ছকে’ বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ-এ প্রেরণ নিশ্চিত করতে হবে।
<table>
<tr><th>জেলা কার্যালয়ের নাম</th><th>তারিখ</th><th>সময়</th><th>স্থানের নাম</th><th>কর্মসূচির বিবরণ</th><th>উপস্থিতির সংখ্যা</th><th>প্রমাণক</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td><td>৭</td></tr>
</table></td><td>উপপরিচালক/ সহকারী পরিচালক/ পরিদর্শক (সকল) ময়মনসিংহ/ নেত্রকোণা/ জামালপুর/ শেরপুর।</td></tr>
<tr><td></td><td></td><td>(ছ) ময়মনসিংহ বিভাগের অবৈধ চোলাইমদের মামলা রুজু সংক্রান্ত।</td><td>(ছ) ময়মনসিংহ বিভাগের বিভিন্ন জেলায় অবৈধ চোলাইমদ তৈরী এবং বিপণন বেড়ে গিয়েছে তাই অবৈধ চোলাইমদের স্পট চিহ্নিত করে অবকাঠামো ধ্বংস করতে হবে। সেইসাথে ময়মনসিংহকে অবশ্যই চোলাইমদের মামলাসহ আলামত বাড়াতে হবে। নিম্নোক্ত ‘ছক’ মোতাবেক তথ্য উপস্থাপন করতে হবে।
<table>
<tr><th>জেলার নাম</th><th>সেপ্টেম্বর, ২০২৪ মাসে অবৈধ চোলাইমদের মামলার সংখ্যা</th><th>অবৈধ চোলাইমদের পরিমাণ</th></tr>
</table></td><td>উপপরিচালক/সহকারী পরিচালক/পরিদর্শক (‘ক’ ও ‘খ’ সার্কেল) ময়মনসিংহ/নেত্রকোণা/ জামালপুর/শেরপুর।</td></tr>
<tr><td></td><td></td><td>(জ) NIMS এ মামলার তথ্য হালনাগাদ আপলোডকরন।</td><td>(জ) সকল জেলা কার্যালয়কে NIMS-এ অন্তর্ভূক্তিকরণ করে সেপ্টেম্বর, ২০২৪ মাসের ১টি মামলার প্রমাণক বিভাগীয় কার্যালয়ের পরবর্তী মাসিক সমন্বয় সভায় নিয়ে আসতে হবে।
<table>
<tr><th>জেলার নাম</th><th>সেপ্টেম্বর, ২৪ মাসে NIMS-এ অন্তর্ভূক্তিকরণের সংখ্যা</th></tr>
</table></td><td>উপপরিচালক/ সহকারী পরিচালক, ময়মনসিংহ/ নেত্রকোণা/ জামালপুর/ শেরপুর।</td></tr>
<tr><td>০২</td><td>নিরোধ শিক্ষা কার্যক্রম</td><td>(ক) এপিএ এর সূচক (১.১.২) শিক্ষা প্রতিষ্ঠানে এসেম্বলিতে/শ্রেণি কক্ষে মাদকবিরোধী বক্তৃতা।</td><td>(ক) এপিএ এর সূচক (১.১.২) শিক্ষা প্রতিষ্ঠানে এসেম্বলিতে/শ্রেণি কক্ষে মাদকবিরোধী বক্তৃতা এর প্রমাণক সংশ্লিষ্ট কার্যালয়ে সংরক্ষণে রাখতে হবে এবং বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহে প্রেরণ নিশ্চিত করতে হবে।
<table>
<tr><th>জেলার নাম</th><th>২৪-২৫ অর্থ বছরে ১.১.২ অনুযায়ী এপিএ’র লক্ষমাত্রা</th><th>সেপ্টেম্বর, ২৪ মাসে (১.১.২) শিক্ষা প্রতিষ্ঠানে এসেম্বলিতে/শ্রেণি কক্ষে মাদকবিরোধী বক্তৃতা এর সংখ্যা</th></tr>
<tr><td>ময়মনসিংহ</td><td>৫</td><td></td></tr>
<tr><td>নেত্রকোণা</td><td>৫</td><td></td></tr>
<tr><td>জামালপুর</td><td>৫</td><td></td></tr>
<tr><td>শেরপুর</td><td>৫</td><td></td></tr>
<tr><td>মোটঃ</td><td>২০</td><td></td></tr>
</table></td><td>উপপরিচালক/ সহকারী পরিচালক, ময়মনসিংহ/ নেত্রকোণা/ জামালপুর/ শেরপুর।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td></td><td></td><td>(খ) এপিএ এর সূচক (১.২.১) মাদকবিরোধী সচেতনতা সৃষ্টিতে খেলাধূলা আয়োজন।</td><td>(খ) এপিএ এর সূচক (১.২.১) মাদকবিরোধী সচেতনতা সৃষ্টিতে খেলাধূলা আয়োজন এর প্রমাণক সংশ্লিষ্ট কার্যালয়ে সংরক্ষণে রাখতে হবে এবং প্রমাণক বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহে প্রেরণ নিশ্চিত করতে হবে।
<table>
<tr><th>জেলার নাম</th><th>২৪-২৫ অর্থ বছরে ১.২.১ অনুযায়ী এপিএ'র লক্ষমাত্রা</th><th>সেপ্টেম্বর, ২৪ (১.২.১) মাদকবিরোধী সচেতনতা সৃষ্টিতে খেলাধূলা আয়োজন এর সংখ্যা</th></tr>
<tr><td>ময়মনসিংহ</td><td>৩</td><td></td></tr>
<tr><td>নেত্রকোণা</td><td>১</td><td></td></tr>
<tr><td>জামালপুর</td><td>১</td><td></td></tr>
<tr><td>শেরপুর</td><td>১</td><td></td></tr>
<tr><td>মোটঃ</td><td>৬</td><td></td></tr>
</table></td><td>উপপরিচালক/ সহকারী পরিচালক, ময়মনসিংহ/ নেত্রকোণা/ জামালপুর/ শেরপুর।</td></tr>
<tr><td></td><td></td><td>(গ) এপিএ এর সূচক (১.৪.১) জেলা/উপজেলা পর্যায়ে মাদকবিরোধী সভা/ওয়ার্কশপ/সেমিনার আয়োজন।</td><td>(গ) এপিএ এর সূচক (১.৪.১) জেলা/উপজেলা পর্যায়ে মাদকবিরোধী সভা/ওয়ার্কশপ/সেমিনার আয়োজন এর প্রমাণক সংশ্লিষ্ট কার্যালয়ে সংরক্ষণে রাখতে হবে এবং প্রমাণক বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহে প্রেরণ নিশ্চিত করতে হবে।
<table>
<tr><th>জেলার নাম</th><th>২৪-২৫ অর্থ বছরে ১.৪.১ অনুযায়ী এপিএ'র লক্ষমাত্রা</th><th>সেপ্টেম্বর, ২৪ (১.৪.১) জেলা/উপজেলা পর্যায়ে মাদকবিরোধী সভা/ওয়ার্কশপ/সেমিনার আয়োজন। এর সংখ্যা</th></tr>
<tr><td>ময়মনসিংহ</td><td>৮</td><td></td></tr>
<tr><td>নেত্রকোণা</td><td>৬</td><td></td></tr>
<tr><td>জামালপুর</td><td>৬</td><td></td></tr>
<tr><td>শেরপুর</td><td>৫</td><td></td></tr>
<tr><td>মোটঃ</td><td>২৫</td><td></td></tr>
</table></td><td>উপপরিচালক/ সহকারী পরিচালক, ময়মনসিংহ/ নেত্রকোণা/ জামালপুর/ শেরপুর।</td></tr>
<tr><td></td><td></td><td>(ঘ) এপিএ এর সূচক (২.১.৩) কুরিয়ার সার্ভিসসমূহের মাধ্যমে মাদক পাচার বন্ধে তাদের কার্যক্রম মনিটরিং ও পরিদর্শন</td><td>(ঘ) এপিএ এর সূচক (২.১.৩) কুরিয়ার সার্ভিসসমূহের মাধ্যমে মাদক পাচার বন্ধে তাদের কার্যক্রম মনিটরিং ও পরিদর্শন এর প্রমাণক সংশ্লিষ্ট কার্যালয়ে সংরক্ষণে রাখতে হবে এবং প্রমাণক বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহে প্রেরণ নিশ্চিত করতে হবে।
<table>
<tr><th>জেলার নাম</th><th>২৪-২৫ অর্থ বছরে ১.৪.১ অনুযায়ী এপিএ'র লক্ষমাত্রা</th><th>সেপ্টেম্বর, ২৪ (২.১.৩) কুরিয়ার সার্ভিসসমূহের মাধ্যমে মাদক পাচার বন্ধে তাদের কার্যক্রম মনিটরিং ও পরিদর্শন এর সংখ্যা</th></tr>
<tr><td>ময়মনসিংহ</td><td>৮</td><td></td></tr>
<tr><td>নেত্রকোণা</td><td>৭</td><td></td></tr>
<tr><td>জামালপুর</td><td>৫</td><td></td></tr>
<tr><td>শেরপুর</td><td>৫</td><td></td></tr>
<tr><td>মোটঃ</td><td>২৫</td><td></td></tr>
</table></td><td>উপপরিচালক/ সহকারী পরিচালক, ময়মনসিংহ/ নেত্রকোণা/ জামালপুর/ শেরপুর।</td></tr>
<tr><td></td><td></td><td>(ঙ) জেলা ভিত্তিক গণসচেতনতার তথ্য ফেসবুক এবং জেলা তথ্য বাতায়ন হালনাগাদ ও নিয়মিত আপলোডকরণ।</td><td>(ঙ) জেলা ভিত্তিক গণসচেতনতার তথ্য, উদঘাটিত মামলার তথ্য ও জেলার অন্যান্য কার্যক্রম ফেসবুক এবং জেলার তথ্য বাতায়নে আপলোড করতে হবে। নিয়মিতভাবে জেলার তথ্য বাতায়ন হালনাগাদ রাখতে হবে। নিম্নোক্ত 'ছকে' তা দিতে হবে।
<table>
<tr><th>জেলার নাম</th><th>জেলার ফেসবুকে সেপ্টেম্বর, ২৪ মাসে আপলোডের সংখ্যা</th><th>জেলা তথ্য বাতায়নে সেপ্টেম্বর, ২৪ মাসে আপলোডের সংখ্যা</th></tr>
</table></td><td>উপপরিচালক/সহকারী পরিচালক, ময়মনসিংহ/ নেত্রকোণা/ জামালপুর/ শেরপুর।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>০৩.</td><td>চিকিৎসা ও পুনর্বাসন কার্যক্রম</td><td>(ক) মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিদর্শন</td><td>(ক) যেকোন ১টি নিরাময় কেন্দ্রে জেলা প্রশাসককে কে নিয়ে পরিদর্শন করতে হবে। সপ্তাহে ১(এক) দিন আকস্মিকভাবে ভিডিও কলে মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পরিদর্শন করবেন এবং নিরাময় কেন্দ্রে বেড সংখ্যা অনুমোদনের চেয়ে বেশি রোগী থাকলে লাইসেন্সীকে লিখিতভাবে সতর্ক করবেন। সেইসাথে অনুলিপি বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন।
<table>
<tr><th rowspan="2">জেলার নাম</th><th rowspan="2">মোট নিরাময় কেন্দ্রের সংখ্যা</th><th colspan="2">জুলাই/২৪ মাসে উপপরিচালক/সহকারী পরিচালকের পরিদর্শন</th><th rowspan="2">মন্তব্য</th></tr>
<tr><th>প্রমাপ</th><th>সংখ্যা</th></tr>
</table></td><td>উপপরিচালক/ সহকারী পরিচালক, ময়মনসিংহ/ নেত্রকোণা/ জামালপুর/ শেরপুর।</td></tr>
<tr><td>০৪</td><td>ডি-নথি কার্যক্রম</td><td colspan="2">সিদ্ধান্তঃ সকল জেলা কার্যালয়ে আবশ্যিকভাবে ডি-নথির মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন করতে হবে। ডি-নথি কার্যক্রমের পরিসংখ্যান সেপ্টেম্বর, ২৪ মাসের তথ্য নিম্নবর্ণিত ছকে উল্লেখ করতে হবে।
<table>
<tr><th rowspan="2">জেলার নাম</th><th rowspan="2">ডি-নথিতে নিষ্পত্তি (সংখ্যা)</th><th rowspan="2">হার্ড ফাইলে নিষ্পত্তি (সংখ্যা)</th><th rowspan="2">মোট নিষ্পত্তি (সংখ্যা)</th><th colspan="2">নিষ্পত্তির শতকরা হার (%)</th></tr>
<tr><th>ডি-নথি (%)</th><th>হার্ড ফাইল (%)</th></tr>
</table></td><td>উপপরিচালক/ সহকারী পরিচালক, ময়মনসিংহ/ নেত্রকোণা/ জামালপুর/ শেরপুর।</td></tr>
<tr><td rowspan="3">০৫</td><td rowspan="3">বিবিধ</td><td>(ক) জেলা কর্মকর্তার বাধ্যতামূলকভাবে মাসে ২টি সার্কেল কার্যালয় পরিদর্শন করে প্রতিবেদন বিভাগীয় কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণ।</td><td>(ক) প্রত্যেক জেলা কর্মকর্তা লক্ষমাত্রা অনুযায়ী তার অফিস পরিদর্শন করবেন।
<table>
<tr><th>জেলার নাম</th><th>সেপ্টেম্বর, ২৪ এ পরিদর্শনের সংখ্যা</th><th>পরিদর্শনকৃত কার্যালয়ের নাম</th><th>মোট পরিদর্শনের সংখ্যা</th></tr>
</table></td><td>উপপরিচালক/ সহকারী পরিচালক, ময়মনসিংহ/ নেত্রকোণা/ জামালপুর/ শেরপুর।</td></tr>
<tr><td>(খ) নেত্রকোণা জেলার দূর্গাপুর উপজেলার তনয়া ও সীতা-ডনবস্কো কলেজের উত্তর ও পশ্চিম পার্শে, সপ্না ও সুমনা- গোলপাড়া দয়াল বাড়ির পূর্ব পার্শে, ববিতা ও ডেজি -উৎরাইল, সুসমিলা-গোহালিদেও শিলতলি ব্রীজের পশ্চিম পার্শে, সহিলা- গ্রামীণ ব্যাংকের পূর্ব পার্শে, ছবি- উৎরাই মাছবাজারের পশ্চিম পার্শে উক্ত এলাকাগুলোয় অবৈধ চোলাইমদের অবকাঠামো ধ্বংস করা নিয়ে আলোচনা</td><td>(খ) নেত্রকোণা জেলার দূর্গাপুর উপজেলায় ইতোপূর্বে যেসব এলাকায় অবৈধ চোলাইমদের অবকাঠামো ধ্বংস করা হয়েছে সেসব এলাকাগুলোতে অবৈধ চোলাইমদ নতুন করে যেন তৈরি করতে না পারে সেজন্য নিয়মিত পরিদর্শন/মনিটরিং অব্যাহত রাখতে হবে।</td><td>সহকারী পরিচালক/ পরিদর্শক (‘খ’ সার্কেল) নেত্রকোণা</td></tr>
<tr><td>(গ) দোকান, বার, শপ ও প্রতিষ্ঠান পরিদর্শন সংক্রান্ত</td><td>(গ) দোকান, বার, শপ ও প্রতিষ্ঠানের প্রতি নজরদারী অব্যাহত রাখতে বিধিমালায় প্রদত্ত প্রমাপ অনুযায়ী পরিদর্শন করতে হবে। নিম্নবর্ণিত ছকে সেপ্টেম্বর, ২৪ মাসের তথ্য উপস্থাপন করতে হবে।
<table>
<tr><th>জেলার নাম</th><th>মোট বার ও দোকানের সংখ্যা</th><th>পরিদর্শক কর্তৃক পরিদর্শনের সংখ্যা</th><th>অফিস প্রধান কর্তৃক পরিদর্শনের সংখ্যা</th><th>মোট পরিদর্শনের সংখ্যা</th></tr>
</table></td><td>উপপরিচালক/ সহকারী পরিচালক, ময়মনসিংহ/ নেত্রকোণা/ জামালপুর/ শেরপুর।</td></tr>
</table>

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		(ঘ) NTMC এর মাধ্যমে মামলা উদঘাটন সংক্রান্ত।	(ঘ) NTMC এর মাধ্যমে মামলা রুজুর জন্য সকল জেলা প্রধান উপপরিদর্শক/পরিদর্শকগণ থেকে মাদক ব্যবসায়ীদের মোবাইল নম্বর সংগ্রহ করে NTMC তে প্রেরণ করবেন। প্রতিমাসে ন্যূনতম ১টি মামলা NTMC এর মাধ্যমে রুজুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রধানদের নিশ্চিত করতে হবে। জেলার নাম | **সেপ্টেম্বর, ২৪** মাসে NTMC এর মাধ্যমে রুজুর সংখ্যা	উপপরিচালক/ সহকারী পরিচালক, ময়মনসিংহ/ নেত্রকোণা/ জামালপুর/ শেরপুর।
		(ঙ) মাদকশুল্ক আদায় সংক্রান্ত।	(ঙ) মাদকশুল্ক আদায়ে সচেষ্ট থাকতে হবে। পাশাপাশি রাজস্ব আদায় যাতে না কমে সেদিকে লক্ষ্য রাখতে হবে। **সেপ্টেম্বর, ২৩** এবং **সেপ্টেম্বর, ২৪** মাসের তুলনামূলক বিবরণী নিম্নোক্ত ছক অনুযায়ী দিতে হবে। জেলার নাম | **সেপ্টেম্বর, ২৩** | **সেপ্টেম্বর, ২৪**	উপপরিচালক/ সহকারী পরিচালক, ময়মনসিংহ/ নেত্রকোণা/ জামালপুর/ শেরপুর।

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ জাফরুল্ল্যাহ কাজল)
অতিরিক্ত পরিচালক
ফোনঃ ০২-৯৯৬৬৭১২৬৪।

নং ৫৮.০২.৪৫০০.০৬০.০৬.০০১.২৩- ২৯০

তারিখ: ০৩ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
১৮ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিতরণঃ

১। উপপরিচালক/সহকারী পরিচালক/পরিদর্শক (সকল)/প্রসিকিউটর/সহকারী প্রসিকিউটর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ময়মনসিংহ/ জেলা কার্যালয়, ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। পরিচালক (প্রশাসন/অপারেশন্স ও গোয়েন্দা/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২। অফিস কপি।

(মোঃ জাফরুল্ল্যাহ কাজল)
অতিরিক্ত পরিচালক
ফোনঃ ০২-৯৯৬৬৭১২৬৪।